

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৭  
সরকারি পরিবহন পুল ভবন  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

ইমেইল: [section7@lawjusticediv.gov.bd](mailto:section7@lawjusticediv.gov.bd)

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৩৯.৮১(১)- ১০৭ (২৩)

তারিখ : ২৫ আষাঢ় ১৪৩৩  
০৯ জুলাই ২০২৬

বিষয় : মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার ০৫ নং ব্রাহ্মণবাজার ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ মঈন উদ্দিন এর নামে ইস্যুকৃত নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার ০৫ নং ব্রাহ্মণবাজার ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ মঈন উদ্দিন (পরবর্তীতে সংশোধিত নাম মোঃ মঈন উদ্দিন চৌধুরী) এর বিরুদ্ধে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ১৩(ঙ) বিধি লঙ্ঘন করতঃ নিজ অধিক্ষেত্রের বাহিরে ০৬ নং কাদিপুর ইউনিয়নে বিবাহ নিবন্ধন কার্যক্রম পরিচালনা করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় ও তা একই বিধিমালার বিধি ১১ অনুযায়ী গুরুতর অসদাচরণ হওয়ায় এবং এ প্রসঙ্গে নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ মঈন উদ্দিন-কে গত ০৮/১২/২০২৫ খ্রি. তারিখে ২৬৪ নং স্মারকমূলে কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব দাখিল না করায়, তাঁর নামে এ বিভাগ হতে গত ০৩/০৮/২০০২ খ্রি. তারিখের বিচার ৭/২ এন ৩৯/৮৩ - ৮০৫ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

উক্ত অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ মঈন উদ্দিন এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, মৌলভীবাজার-কে নির্দেশ প্রদান করা হলো। একইসাথে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য ও সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

স্বঃ!

(মোঃ আবদুল ওয়াহাব)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক

জেলা রেজিস্ট্রার  
মৌলভীবাজার।

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৩৯.৮১(১)- ১০৭ (২৩)

তারিখ : ২৫ আষাঢ় ১৪৩৩  
০৯ জুলাই ২০২৬

বিতরণ সদস্য জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।  
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার।
৬. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, সিলেট।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. সাব-রেজিস্ট্রার, কুলাউড়া, মৌলভীবাজার।
১০. অফিসার ইনচার্জ, কুলাউড়া, মৌলভীবাজার।
১১. চেয়ারম্যান, ০৫ নং ব্রাহ্মণবাজার ইউনিয়ন পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার।
১২. মোঃ মঈন উদ্দিন (সাবেক নিকাহ রেজিস্ট্রার), পিতা- মৃত মোঃ আগাব মিয়া, গ্রামঃ নবীনগর, ডাকঘর- কাজলধারা, উপজেলা-কুলাউড়া, জেলা- মৌলভীবাজার।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আবদুল ওয়াহাব)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮